অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/29/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল, যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব ইন্টেরিয়র এবং ওনোনডাগা নেশন কর্তৃক কোনো স্টেটের একটি আদিবাসী জাতিকে অন্যতম বৃহত্তম ভূমি ফিরিয়ে দেওয়ার ঘোষণা প্রদান

বন্যপ্রাণী ও ব্রুক ট্রাউট অভয়ারণ্য তৈরির জন্য সেন্ট্রাল নিউ ইয়র্কের টুলি ভ্যালিতে 1,000 একরেরও বেশি জমি ওনোনডাগা নেশনকে ফিরিয়ে দেওয়া হয়েছে

ওনোনডাগা লেক দূষণ সংক্রান্ত সেটেলমেন্ট সম্পর্কিত চুক্তি সম্পাদনের পরে উন্মুক্ত স্থান সুরক্ষিত হচ্ছে, সাংস্কৃতিক রীতিনীতি সমর্থিত হচ্ছে, পাবলিক অ্যাক্সেস অর্জিত হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল, যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব ইন্টেরিয়র (Department of Interior)-এর সেক্রেটারি ডেব হাল্যান্ড এবং ওনোনডাগা নেশন টাডোডাহো সিডনি হিল এর সঙ্গে যৌথভাবে, আজ ওনোনডাগা লেকের প্রাকৃতিক সম্পদের ক্ষতি মূল্যায়ন ও পুনরুদ্ধার কর্মসূচির (Onondaga Lake Natural Resource Damage Assessment and Restoration Program) অংশ হিসেবে একটি ঐতিহাসিক চুক্তি ঘোষণা করেছেন যেটি 1,000 একরেরও বেশি নৈসর্গিক ভূমি নেশনকে ফিরিয়ে দিবে। হানিওয়েল ইন্টারন্যাশনাল, ইনক. (Honeywell International, Inc.)-এর সঙ্গে সম্পন্ন হওয়া সেটেলমেন্টের প্রাকৃতিক সম্পদের ট্রাস্টি হিসেবে নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation) এবং ডিপার্টমেন্ট অব ইন্টেরিয়রের মৎস ও বন্যপ্রাণী পরিষেবা একটি রেজোল্যুশনে স্বাক্ষর করেছে যেখানে সেন্ট্রাল নিউ ইয়র্কের টুলি ভ্যালিতে 1,000 একরেরও বেশি উন্মুক্ত জায়গা ওনোনডাগা নেশনকে হস্তান্তর করার জন্য হানিওয়েলকে নির্দেশ দেওয়া হয়েছে, যা কোনো স্টেটের একটি আদিবাসী জাতিকে ফিরিয়ে দেওয়া অন্যতম বৃহত্তম ভূমি।

"আজ নিউ ইয়র্ক স্টেট, বাইডেন প্রশাসন, এবং এই মাটি ও পানির আদি বাসিন্দা হিসেবে ওনোনডাগা নেশনকে সম্মান ও স্বীকৃতি প্রদান করার ক্ষেত্রে আমাদের বহু অংশীদারদের জন্য একটি ঐতিহাসিক দিন," **বলেছেন গভর্নর হোকল।** "নেশন এবং এর লোকজন পরিবেশ সংরক্ষণের ক্ষেত্রে তাদের ঐতিহ্য অব্যাহত রাখতে এই নৈসর্গিক স্থানটির মালিক হবেন, যা নেশনের নাগরিক এবং ভবিষ্যত প্রজন্মগুলোর নিউ ইয়র্কবাসীদের উপকৃত করতে এসব সাংস্কৃতিক ও বাস্তুসংস্থানগত সম্পদ সুরক্ষিত রাখবে।"

ডিপার্টমেন্ট অব ইন্টেরিয়রের সেক্রেটারি ডেব হাল্যান্ড বলেন, "এই ঐতিহাসিক চুক্তি আদিবাসী লোকজনকে তাদের কমিউনিটির কল্যাণের জন্য কাজে লাগানোর উদ্দেশ্যে তাদের ঐতিহ্যবাহী মাতৃভূমি ফিরিয়ে দেওয়ার একটি অদ্বিতীয় সুযোগের প্রতিনিধিত্ব করে। আমরা এই এলাকার মূল্যবান বন্যপ্রাণী ও বন্যপ্রাণীদের আবাসস্থল ব্যবস্থাপনার ক্ষেত্রে সহায়তার জন্য ওনোনডাগা নেশনের বিশেষ দক্ষতা ও আদিবাসী জ্ঞানকে কাজে লাগানোর প্রত্যাশা রাখি। প্রেসিডেন্টের *আমেরিকা দ্য বিউটিফুল (America the Beautiful)* উদ্যোগের সাথে সঙ্গতি রক্ষা করে, আমাদের সংরক্ষণ প্রচেষ্টাগুলো যেন স্থানীয় নেতৃত্বের দ্বারা পরিচালিত হয় এবং কমিউনিটিগুলোর স্বাস্থ্য ও সুস্থতার ক্ষেত্রে সহায়তা করে সে বিষয়টি নিশ্চিত করতে এই প্রশাসনের কার্যক্রমে আমাদের সবাইকে যার যার নিজস্ব ভূমিকা পালন করতে হবে।"

টাডোডাহো সিডনি হিল বলেন, "ওনোনডাগা নেশন এটির পূর্বপুরুষের মাতৃভূমির প্রথম উল্লেখযোগ্য বৃহৎ অংশ ফিরে পাওয়াকে অত্যন্ত আনন্দের সঙ্গে স্বাগত জানাচ্ছে। নেশন এখন এসব ভূমি ও জলাশয় পুনরুদ্ধার করা এবং ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য সেগুলো সংরক্ষণ করার দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার বাধ্যবাধকতা নবায়ন করতে সক্ষম হবে। নেশন আশা করে যে সরকারের-সঙ্গে-সরকারের এই সহযোগিতামূলক প্রচেষ্টা সময়ের সূচনালগ্ন থেকে ওনোনডাগা নেশনের মাতৃভূমি হিসেবে বিদ্যমান থাকা এই অঞ্চলে বসবাসকারী অন্য সবার এবং তাদের মধ্যকার সম্পর্ক জোড়া লাগানোর পথে আরেকটি পদক্ষেপ হয়ে উঠবে।"

এই ঐতিহাসিক চুক্তি 2018 সালের মার্চ মাসে ট্রাস্টিবৃন্দ এবং হানিওয়েল ইন্টারন্যাশনাল, ইনক.-এর মধ্যে সম্পাদিত NRDAR সেটেলমেন্টের ফলাফল, এবং ঐতিহ্যবাহী বাস্তুসংস্থান সংক্রান্ত জ্ঞান (TEK), ঐতিহাসিক সাংস্কৃতিক রীতিনীতি, ও সুস্থ বিজ্ঞান কাজে লাগিয়ে সম্পত্তিটির পুনরুদ্ধার ও ব্যবস্থাপনার জন্য হানিওয়েলের মালিকানাধীন এই জমির মালিকানা ওনোনডাগা নেশনকে প্রদান করবে।

এই টুলি ভ্যালি সম্পত্তির মধ্যে ওনোনডাগা ক্রিকের উৎসমুখ, 45 একরেরও বেশি জলাভূমি ও প্লাবনভূমি এবং আনুমানিক 980 একর বনভূমি ও পতিত জমি অন্তর্ভুক্ত রয়েছে। ওনোনডাগা ক্রিকের ঠাণ্ডা পানিতে অল্প সংখ্যক ব্রুক ট্রাউটের বসবাস, যা যথাযথ দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার মাধ্যমে পুরোপুরি পুনরুদ্ধার করা সম্ভব হতে পারে। জলাভূমি, প্লাবনভূমি, বনভূমি ও পতিত জমিতে গ্রেট বলু হেরন, সংবার্ড, ওয়াটারফাউল, বাজপাখি, বল্ড ঈগল, ব্যান, বাদুড়, এবং সাদা লেজ বিশিষ্ট হরিণ সহ অন্যান্য স্তন্যপায়ী প্রাণীর বসবাস।

যে ফেডারেল-নেশন-স্টেট অংশীদারিত্ব ওনোনডাগার লোকজনকে এই সম্পত্তি ফিরিয়ে দেওয়ার দিকে নিয়ে এসেছে সেটিতে DEC-এর সঙ্গে একটি কনজার্ভেশন ইজমেন্ট অন্তর্ভুক্ত থাকবে। এই ইজমেন্ট মাছ ও বন্যপ্রাণীর আবাসস্থল সহ প্রাকৃতিক এলাকাগুলো সুরক্ষিত রাখবে ও পুনরুদ্ধার করবে, এবং ফেলোস ফলস (Fellows Falls)-এর জন্য পাবলিক অ্যাক্সেস সহ সামঞ্জস্যপূর্ণ আউটডোর চিত্তবিনোদন ও শিক্ষামূলক কাজে ব্যবহারের সুযোগ প্রদান করবে।

পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন, "দূষণময় ইতিহাসের অবস্থা থেকে সেন্ট্রাল নিউ ইয়র্কের কমিউনিটিগুলোর চলমান পুনরুদ্ধার উদযাপনের এই উপলক্ষ্যে আমরা ওনোনডাগা নেশন, সেক্রেটারি হাল্যান্ড, এবং আমাদের অসংখ্য ফেডারেল, স্টেট, ও

স্থানীয় অংশীদারকে অভিনন্দন জানাই। আজকের ঘোষণার মধ্য দিয়ে, নিউ ইয়র্ক স্টেট আমাদের আদিবাসী প্রতিবেশীদের প্রদানকৃত প্রাকৃতিক সম্পদ সুরক্ষিত রাখার ঐতিহ্যের স্বীকৃতি প্রদান করে এবং 1,000 একরেরও বেশি ভূমি সংরক্ষণ ও দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার জন্য ওনোনডাগা নেশনের কাছে হস্তান্তর করে দেশের মধ্যে নেতৃস্থানীয় অবস্থান দখল করেছে।"

সিনেটর চাক স্কুমার বলেন, "এই ঐতিহাসিক চুক্তি 1,000 একরেরও বেশি প্রাকৃতিক ল্যান্ডস্কেপ ওনোনডাগা নেশনকে ফিরিয়ে দিবে যারা এটির ন্যায্য দাবিদার। আরো একবার ওনোনডাগার লোকজন ওনোনডাগা ক্রিকের উৎসমুখ, আশেপাশের বনভূমি, এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের এই নৈসর্গিক অংশের প্রাকৃতিক ল্যান্ডস্কেপগুলোর অ্যাক্সেস পাবেন। এই ঐতিহাসিক চুক্তি সম্পন্ন করতে একসঙ্গে কাজ করায় আমি সেক্রেটারি হাল্যান্ড, গভর্নর হোকল, এবং ওনোনডাগা নেশনের নেতৃবৃন্দের প্রশংসা করি এবং ওনোনডাগার লোকজনকে তাদের ভূমি সুরক্ষিত রাখতে সহায়তা করা চালিয়ে যেতে এবং একটি অধিকতর উজ্জ্বল ভবিষ্যত গড়ে তোলা অব্যাহত রাখতে তাদের প্রয়োজনীয় সম্পূর্ণ সংস্থানগুলো পাওয়া নিশ্চিত করতে আমার পূর্ণ সমর্থন প্রদানের প্রতিশ্রুতি দিচ্ছি।"

স্টেট সিনেটর র‍্যাচেল মে বলেন, "টুলি ভ্যালিতে ওনোনডাগা ক্রিকের উৎসমুখ এবং 1,000 একরেরও বেশি ভূমি ওনোনডাগা নেশনের দায়িত্বে ফিরিয়ে দেওয়ার এই ঘোষণাকে আমি স্বাগত জানাই। অসংখ্য বার আমি নেশনের সদস্যদের এসব ভূমি সম্পর্কে, ক্রিকের স্ফটিকের মতো স্বচ্ছ পানিতে মাছ শিকারের ব্যাপারে, এবং এই ভূমি, পানি, উদ্ভিদ, প্রাণী, ও সেখানকার প্রাকৃতিক প্রক্রিয়ার সঙ্গে তাদের মজ্জাগত নিবিড় সম্পর্কের ব্যাপারে অত্যন্ত আবেগী হয়ে কথা বলতে দেখেছি। নেশন কখনো ঐতিহ্যবাহী বাস্তুসংস্থান সংক্রান্ত জ্ঞান এবং সক্রিয়, সুস্থ কৃতজ্ঞতার অনুভূতির মাধ্যমে এই ভূমির যত্ন নেওয়া বন্ধ করেনি। আমার বিশ্বাস এই সিদ্ধান্ত এই এলাকায় বসবাসকারী সবার জন্য সুফল বয়ে আনবে এবং এই চুক্তিতে পৌঁছাতে একসঙ্গে এগিয়ে আসা অনেকগুলো পক্ষকে আমি ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য পামেলা হান্টার বলেন, "ওনোনডাগা নেশনের কাছে আদিবাসী ভূমির এই ঐতিহাসিক হস্তান্তর সঠিক কাজ হয়েছে এবং এর ফলে ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য এসব ভূমি যেন পরিবেশগতভাবে সংরক্ষিত থাকে তা নিশ্চিত হবে। বাস্তুসংস্থান পুনরুদ্ধার হওয়ার পাশাপাশি নেশনের অধিবাসীদের শিকার ও মাছ শিকারের টেকসই প্রচলন ফিরে আসবে বলে আমি প্রত্যাশা রাখি।"

সাংস্কৃতিক ও বাস্তুসংস্থানগত দিক থেকে গুরুত্বপূর্ণ স্থানীয় গাছপালা ও বন্যপ্রাণীদের আবাসস্থল পুনরায় প্রতিষ্ঠা করার জন্য নেশনের কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি করবে না এমন চিত্তবিনোদন ও জনসাধারণের ব্যবহারের সুযোগের ধরন ও ব্যাপ্তি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের জন্য ট্রাস্টিদের সঙ্গে পরামর্শ করে ওনোনডাগা নেশন একটি পুনরুদ্ধার ব্যবস্থাপনা পরিকল্পনা (Restoration Management Plan) প্রণয়ন করবে।

এই তহবিল এবং ট্রাস্টিদের দ্বারা NRDAR প্রকল্পগুলো বাস্তবায়িত হওয়া অতীতে ওনোনডাগা লেকে, এর শাখা-নদীগুলোতে, ও উচ্চভূমিগুলোতে পারদ ও অন্যান্য বিপজ্জনক পদার্থ নিঃসরণ করার বিষয়টির নিষ্পত্তির জন্য হানিওয়েল-এর সঙ্গে সম্পন্ন হওয়া আইনি সেটেলমেন্টের

ফলাফল। ওনোনডাগা লেক NRDAR প্রক্রিয়ার অংশ হিসেবে, USFWS ও DEC ওয়াটারফাউল ও কচ্ছপ ইত্যাদির মতো প্রাকৃতিক সম্পদগুলোর দূষণজনিত ক্ষতি মূল্যায়ন করেছে, এবং জনসাধারণের প্রাকৃতিক সম্পদের ব্যবহারের, যেমন মাছ শিকারের সুযোগ হারানোর পরিমাণ নির্ণয় করেছে। সংস্থাগুলো এরপর সেসব প্রাকৃতিক সম্পদের ক্ষতি পূরণ করার জন্য প্রয়োজনীয় পুনরুদ্ধার কার্যক্রমের ধরন ও মাত্রা এবং একইসাথে নেশন ও এর নাগরিকদের সাংস্কৃতিক ক্ষতি মোকাবেলায় সাহায্য করতে পারে এমন প্রকল্পগুলো শনাক্ত করতে বিস্তৃত পরিসরের স্টেকহোল্ডারদের ও ওনোনডাগা নেশনের কাছ থেকে পুনরুদ্ধার প্রকল্পের আইডিয়া সংগ্রহ করেছে।

হানিওয়েল ইন্টারন্যাশনাল এই সেটেলমেন্ট অনুযায়ী আজ ঘোষিত হওয়া টুলি ভ্যালির ভূমি হস্তান্তর সহ 18টি পুনরুদ্ধারমূলক প্রকল্প বাস্তবায়ন করতে, এবং ওনোনডাগা লেকের জলভাগ সংলগ্ন এলাকা ও তার আশেপাশের এলাকায় ট্রাস্টিদের আরো পুনরুদ্ধার প্রকল্প বাস্তবায়নের জন্য 5 মিলিয়ন ডলারেরও বেশি অর্থ পরিশোধ করতে বাধ্য। সম্পন্ন হওয়া অথবা চলমান প্রকল্পগুলোর মধ্যে রয়েছে 100 একর তৃণভূমি পুনরুদ্ধার; ওনোনডাগা লেক জলাভূমির মধ্যে অতিরিক্ত 850 একর বন্যপ্রাণীর আবাসস্থল সংরক্ষণ ও পুনরুদ্ধার; সেনেকা নদী সংলগ্ন একটি পাবলিক বোট র‍্যাম্প; ওনোনডাগা লেক ও নাইনমাইল ক্রিকের তীর সংলগ্ন এলাকায় বন্যপ্রাণীর আবাসস্থল ও মাছ শিকারের সুযোগ বৃদ্ধি; সেনেকা নদী সংলগ্ন একটি পাবলিক বোট র‍্যাম্প; ক্যামিলাস থেকে হার্বার ব্রুক পর্যন্ত এম্পায়ার স্টেট ট্রেইলের একটি বর্ধিত অংশ; এবং হানিওয়েল ভিজিটর সেন্টার স্টেটের কাছে হস্তান্তর করা।

ওনোনডাগা লেক পুনরুদ্ধার পরিকল্পনার কপি USFWS ওয়েবসাইটে পাওয়া যাবে। ওনোনডাগা লেকের পরিষ্কারকরণ কার্যক্রম সম্পর্কে আরো তথ্যের জন্য এখানে যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন